# একাডেমি বার্তা

## বিসিএস প্রশাসন একাডেমির মুখপত্র

ঊনবিংশতিতম বর্ষ | সংখ্যা-১

জানুয়ারি-জুন ২০১৯

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি

শাহবাগ, ঢাকা

www.bcsadminacademy.gov.bd

## সম্পাদনা পর্ষদ


**সভাপতি**

**কাজী রওশন  আক্তার**

রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

**সম্পাদক**

**মোছাঃ আছিয়া খাতুন**

এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি

এমডিএস (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিএস প্রশাসন একাডেমি

**সদস্য**

**ড. সুভাষ চন্দ্র বিশ্বাস**

পরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিসিএস প্রশাসন একাডেমি

**ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর**

পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি

**সদস্য সচিব**

**মু. ইকরামুল ইসলাম**

উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিসিএস প্রশাসন একাডেমি

**সহযোগিতায়**

**সালমা পারভীন**

প্রকাশনা কর্মকর্তা, বিসিএস প্রশাসন একাডেমি

**কম্পোজ**

**মোহা নূর হুসাইন**

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বিসিএস প্রশাসন একাডেমি

**আলোকচিত্র**

**মোঃ রাজিব আহমেদ**

অডিও ভিডিও অপারেটর, বিসিএস প্রশাসন একাডেমি



**প্রকাশকাল**

জুলাই ২০১৯

# সম্পাদকীয়

“একাডেমি বার্তা” বিসিএস প্রশাসন একাডেমির বহুমাত্রিক কর্মকাণ্ডের একটি চলমান প্রতিচ্ছবি। মেধা-মনন, দক্ষতা, সৃষ্টিশীলতা, নতুন নতুন উদ্যোগ ও উদ্ভাবনের প্রত্যয়কে ধারণ করে একাডেমির নানাবিধ কর্মযজ্ঞ যেমন- প্রশিক্ষণ, সভা, সেমিনার, ওয়ার্কশপ এবং সাংস্কৃতিক কর্মপ্রবাহের সচিত্র খবরাখবর নিয়ে এ ষাণ্মাসিক আয়োজন। ইতোমধ্যেই এ বার্তা বিসিএস (প্রশাসন) ক্যাডারের সর্বস্তরের কর্মকর্তাদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উদ্দীপনা সৃষ্টি করেছে। এ বার্তা একদিকে যেমন একাডেমির কর্মকাণ্ডকে ধারণ করে তেমনি একাডেমির বহুবিধ সক্ষমতা ও সৃজনশীলতা কর্মকর্তাদের সামনে তুলে ধরে। ফলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাবৃন্দ বিশেষ করে মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ একাডেমির বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জানার সুযোগ পান।

উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ আজ রোল মডেল- এক নতুন বিস্ময়। এ একাডেমিতে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের রূপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের অধিকতর যোগ্য, দক্ষ এবং শাণিত করে গড়ে তোলার লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদি বিভিন্ন ধরণের কোর্সের আয়োজন করা হয়ে থাকে। তাছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনায় বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স একাডেমিতে অনুষ্ঠিত হয়।

অনুষদ সদস্যদের পাশাপাশি দেশবরেণ্য ব্যক্তিবর্গ, প্রথিতযশা পেশাজীবী, সিভিল সার্ভেন্ট, সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী ও উপদেষ্টাবৃন্দ রিসোর্স পার্সন হিসেবে অধিবেশন পরিচালনা করে থাকেন। এছাড়া প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা ও সৃষ্টিশীলতাকে উদ্বুদ্ধ করার প্রত্যয়ে বিভিন্ন কর্মসূচি পরিচালনার পাশাপাশি এ একাডেমিতে নানাবিধ সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন করা হয়।

জানুয়ারি-জুন ২০১৯ সময়ে একাডেমিতে অনুষ্ঠিত উল্লেখযোগ্য কার্যক্রমের সচিত্র প্রতিবেদন এ সংখ্যায় তুলে ধরা হয়েছে।

অনুষদ সদস্যবৃন্দসহ “একাডেমি বার্তা” প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

# ঘটনাপ্রবাহ : জানুয়ারি ২০১৯

## ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন

বিসিএস প্রশাসন একাডেমিতে ২০ জানুয়ারি ২০১৯ তারিখে পাঁচ মাস মেয়াদী (২০ জানুয়ারি-২৩ জুন ২০১৯) ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ফয়েজ আহম্মদ। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্স তিনটিতে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১২০ জন (৭৭ জন পুরুষ ও ৪৩ জন নারী) কর্মকর্তা অংশ গ্রহণ করেন। তিনটি কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন বিসিএস প্রশাসন একাডেমির মাননীয় রেক্টর কাজী রওশন আক্তার এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন মোঃ জাফর ইকবাল এনডিসি, এমডিএস (প্রশিক্ষণ) (অতিরিক্ত সচিব)। ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন যথাক্রমে জনাব তৌহিদুল ইসলাম, উপপরিচালক (প্রশিক্ষণ), জনাব মো. আবু আউয়াল, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) এবং জনাব মোহাম্মদ নাজমুল আহসান, উপপরিচালক (সেবা)। কোর্সের সহকারী কোর্স সমন্বয়ক ছিলেন জনাব এ.এস.এম ইবনুল হাসান ইভেন, সহকারী পরিচালক (সংযুক্ত), বেগম তাসমীয়া জায়গীরদার, সহকারী পরিচালক (সংযুক্ত) এবং বেগম লামইয়া সাইফুল, গবেষণা কর্মকর্তা।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন অনুষ্ঠান

## মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিবদের প্রথম ওরিয়েন্টেশন কোর্স

১৪ জানুয়ারি ২০১৯, তিন দিনব্যাপী উপসচিব ও সিনিয়র সহকারী সচিব পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের সহকারী একান্ত সচিবদের প্রথম ওরিয়েন্টেশন কোর্সে মোট ২৯ জন কর্মকর্তা (২৯ জন পুরুষ ও ০০ জন নারী) অংশগ্রহণ করেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিবদের প্রথম ওরিয়েন্টেশন কোর্সের অতিথিবৃন্দ

## যোগ-ব্যায়াম কর্মশালা

১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য কোয়ান্টাম ফাউন্ডেশনের সহযোগিতায় যোগ-ব্যায়াম কর্মশালার আয়োজন করা হয় ২৫ জানুয়ারি ২০১৯। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুরাইয়া রহমান, পরিচালক (সমন্বয়), কোয়ান্টাম ফাউন্ডেশন। কর্মশালায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জাফর ইকবাল এনডিসি, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি। এ কর্মশালার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ যোগ-ব্যায়ামের বিভিন্ন কৌশল ও উপকারিতা সম্পর্কে জ্ঞান লাভ করেন।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য আয়োজিত যোগ-ব্যায়াম কর্মশালা

## ২৪তম ও ২৫তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক কোর্স

২০ জানুয়ারি ২০১৯ হতে ১৪ ফেব্রুয়ারি ২০১৯ মেয়াদে একাডেমিতে ২৪তম ও ২৫তম "উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা" কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত উপসচিব পর্যায়ের ৭২ জন কর্মকর্তা (৬৪ জন পুরুষ ও ০৮ জন নারী) অংশগ্রহণ করেন। কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়।




২৪তম ও ২৫তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

# ঘটনা প্রবাহ : ফেব্রুয়ারি ২০১৯

## ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রথম মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনীর আয়োজন করা হয়। ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রথম মেস রজনী অনুষ্ঠিত হয় ১৮ ফেব্রুয়ারি ২০১৯। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব হেলালুদ্দীন আহমদ, সচিব, নির্বাচন কমিশন। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।





১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক আয়োজিত প্রথম মেস রজনী

## মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৯ উদ্‌যাপন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমির মাননীয় রেক্টর কাজী রওশন আক্তার এর সভাপতিত্বে এক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনায় মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট কথা সাহিত্যিক জনাব সেলিনা হোসেন।




মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে আলোচকবৃন্দ

## 3rd Training of Trainers Couse on Rio Convention (ToT)

২৫ জানুয়ারি ফেব্রুয়ারি ২০১৯ থেকে ২৭ ফেব্রুয়ারি ২০১৯ মেয়াদে একাডেমিতে 3rd Training of Trainers Course on Rio Convention অনুষ্ঠিত হয়। এ কোর্সে ১৬ জন কর্মকর্তা (১০জন পুরুষ ও ০৬ জন নারী) অংশগ্রহণ করেন। কোর্স উপদেষ্টার দায়িত্ব পালন করেন বিসিএস প্রশাসন একাডেমির মাননীয় রেক্টর, কাজী রওশন আক্তার এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্বে ছিলেন জনাব জাফর ইকবাল এনডিসি, বিসিএস প্রশাসন একাডেমি।




(ToT) প্রশিক্ষণ কোর্সের সনদ বিতরণ অনুষ্ঠান

# ঘটনা প্রবাহ: মার্চ ২০১৯

## আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ উদ্‌যাপন

১৯ মার্চ ২০১৯ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির অডিটোরিয়ামে আন্তর্জাতিক নারী দিবস- ২০১৯ উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সরকারের সচিব পর্যায়ের ০৬ জন নারী কর্মকর্তা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মাননীয় রেক্টর কাজী রওশন আক্তার।




আন্তর্জাতিক নারী দিবস-২০১৯ উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভায় অতিথিবৃন্দ

## ১১০তম, ১১১তমও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের দ্বিতীয় মেস রজনী

১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের দ্বিতীয় মেস রজনী অনুষ্ঠিত হয় ১৯ মার্চ ২০১৯। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।




২য় মেস রজনীতে প্রশিক্ষণার্থীগণের আয়োজনে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ এর আলোচনা সভায় প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন ড. কামাল আবদুল নাসের চৌধুরী (মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব)। আলোচনা সভায় সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৯ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভার আলোচকবৃন্দ

# ঘটনা প্রবাহ: এপ্রিল ২০১৯

## মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের সহকারী একান্ত সচিবদের প্রথম ওরিয়েন্টেশন কোর্স

৩০ মার্চ ২০১৯ হতে ৩ এপ্রিল ২০১৯, ০৩ দিনব্যাপী উপসচিব ও সিনিয়র সহকারী সচিব পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের সহকারী একান্ত সচিবদের প্রথম ওরিয়েন্টেশন কোর্সে মোট ২৯ জন কর্মকর্তা (২৯ জন পুরুষ ও ০০ জন নারী) অংশগ্রহণ করেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




সহকারী একান্ত সচিবদের প্রথম ওরিরেন্টেশন কোর্সের সনদ বিতরণ অনুষ্ঠানে অতিথিবৃন্দ

## ৬৮তম (সেকশন-এ) ও (সেকশন-বি) বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী

১ এপ্রিল ২০১৯ তারিখে ছয় মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের ৮০ জন কর্মকর্তার (৬১ জন পুরুষ ও ১৯ জন নারী) অংশগ্রহণে শুরু হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। এ.কে.এম সোহেল, পরিচালক (প্রশাসন), এবং ড. রহিমা খাতুন, উপপরিচালক (প্রশাসন) ও বেগম জান্নাতুল ফেরদৌস উপপরিচালক (সংযুক্ত) যথাক্রমে কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া জনাব মো: মিনহাজুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মো: মুশফিকুর রহমান, সহকারী পরিচালক (সেবা), সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন।




৬৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান

## 3rd Modern Office Management কোর্স

০৮ এপ্রিল ২০১৯ হতে ১১ এপ্রিল ২০১৯ মেয়াদে একাডেমিতে 3rd Modern Office Management কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১১ জন কর্মকর্তা (০৩ জন পুরুষ ও ০৮ জন নারী) অংশগ্রহণ করেন। এ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।



3rd Modern Office Management কোর্সের সমাপনী অনুষ্ঠান

## ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের তৃতীয় মেস রজনী

'মঙ্গালালোকে' শিরোনামে ১৭ এপ্রিল ২০১৯ তারিখে ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের তৃতীয় মেস রজনী অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফয়েজ আহম্মদ, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।





৩য় মেস রজনীতে প্রশিক্ষণার্থীগণের আয়োজনে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অতিথিবৃন্দ

## ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক কর্মশালা আয়োজন

১৮ এপ্রিল ২০১৯ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির মিলনায়তনে যথাক্রমে ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালার প্রধান অতিথি ছিলেন জনাব এন এম জিয়াউল আলম, সচিব, আই সি টি ডিভিশন।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক আয়োজিত কর্মশালা

# ঘটনা প্রবাহঃ মে ২০১৯

## ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের ইফতার ও দোয়া মাহফিল

১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় ২২ মে ২০১৯। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের ইফতার ও দোয়া মাহফিল

# ঘটনা প্রবাহঃ জুন ২০১৯

## 6th Governance and Innovation course for fit-listed DCs

১৫ জুন ২০১৯ হতে ১৯ জুন ২০১৯ মেয়াদে একাডেমিতে 6th Governance and Innovation course for fit-listed DCs অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০ জন কর্মকর্তা (০৮ জন পুরুষ ও ০২ জন নারী) অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মো: নজিবুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর কাজী রওশন আক্তার। মো: নজরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ) এবং ড. মোহাম্মদ কামরুজ্জামান, উপপরিচালক (ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন) যথাক্রমে কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন।




6th Governance and Innovation course for fit-listed DCs এর সমাপনী অনুষ্ঠান

## অতিথি রজনী

১৯ জুন ২০১৯ তারিখে ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের অতিথি রজনীতে সস্ত্রীক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফয়েজ আহম্মদ, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী রওশন আক্তার, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি।



অতিথি রজনীর সম্মানিত অতিথিবৃন্দ

## মাননীয় প্রধানমন্ত্রীর আগমন

২৩ জুন ২০১৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিসিএস প্রশাসন একাডেমিতে ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে প্রশিক্ষণ সমাপ্তকারী কর্মকর্তাদের মধ্যে সনদ বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি, জনপ্রশাসন সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব এইচ এন আশিকুর রহমান এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ফয়েজ আহম্মদ।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের সনদ বিতরণ অনুষ্ঠান

## কর্মকর্তার যোগদান

| ক্রমিক | কর্মকর্তার নাম | যোগদানের তারিখ |
|---|---|---|
| ০১। | কাজী রওশন আক্তার (৪৬২২), রেক্টর (সচিব) | ২৩/১২/২০১৮ |
| ০২। | মোছা: আছিয়া খাতুন (৫৪৭০), এমডিএস (অতিরিক্ত সচিব) | ৩০/০৬/২০১৯ |
| ০৩। | মো: নজরুল ইসলাম (৫৯২৭), পরিচালক (যুগ্ম সচিব) | ১১/০৬/২০১৯ |
| ০৪। | সালেহ আহমদ মোজাফফর , পরিচালক (যুগ্ম সচিব) | ০৬/০৫/২০১৮ |
| ০৫। | ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর (৬৪০৭),পরিচালক | ০১/০৭/২০১৯ |
| ০৬। | ড. সুভাষ চন্দ্র বিশ্বাস (৬৪৫২), পরিচালক | ৩০/০৬/২০১৯ |
| ০৭। | মো: আব্দুল আওয়াল (৬৪৫৬),পরিচালক | ৩০/০৬/২০১৯ |
| ০৮। | মোহাম্মদ খালেদ রহীম , পরিচালক | ২৯/০৭/২০১৯ |
| ০৯। | তৌহিদুল ইসলাম (১৫১৮২), উপপরিচালক | ০১/১১/২০১৬ |
| ১০। | ড. রহিমা খাতুন (১৫৪৫৮), উপপরিচালক | ২৯/০৫/২০১৬ |
| ১১। | মো: তরিকুল ইসলাম (১৫৫২০), প্রোগ্রামার | ০৯/০৪/২০১৭ |
| ১২। | ড. মোহাম্মদ কামরুজ্জামান (১৫৭১৭), উপপরিচালক | ১০/০৯/২০১৭ |
| ১৩। | বেগম জান্নাতুল ফেরদৌস (১৬১৫১), উপপরিচালক | ২৪/০৭/২০১৯ |
| ১৪। | মোহাম্মদ নাজমুল আহসান (১৬৫৯৬), উপপরিচালক | ২৮/১০/২০১৮ |
| ১৫। | তাসমীয়া জায়গীরদার, সহকারী পরিচালক | ০৩/০৪/২০১৮ |
| ১৬। | মো: মাহমুদুল হক, সহকারী পরিচালক | ২৭/১১/২০১৬ |
| ১৭। | বেগম লামইয়া সাইফুল, সহকারী পরিচালক | ২৩/০৭/২০১৭ |
| ১৮। | মো: মিনহাজুর রহমান, সহকারী পরিচালক | ০৬/০৮/২০১৭ |
| ১৯। | মোছা: শারমিন ইসলাম, সহকারী পরিচালক | ০৩/১০/২০১৮ |
| ২০। | মো: শাহাদাত হোসেন, রেক্টরের একান্ত সচিব | ১৩/০১/২০১৯ |
| ২১। | মোহাম্মদ শামীম বেপারী, সহকারী পরিচালক | ২৪/০৪/২০১৯ |
| ২২। | ডা. মোছা: সাইফুন নাহার, মেডিকেল অফিসার | |
| ২৩। | মোহাম্মদ হোসেন, হিসাব রক্ষণ কর্মকর্তা | ২০/০৫/২০১৮ |
| ২৪। | বেগম মেহেরুন নেছা, গ্রন্থাগারিক | |

## কর্মকর্তার বদলি

| ক্রমিক | কর্মকর্তার নাম | বদলীর তারিখ |
|---|---|---|
| ০১। | মো: জাফর ইকবাল , এমডিএস (অতিরিক্ত সচিব) | ০২/০৭/২০১৯ |
| ০২। | তাহসিনুর রহমান , পরিচালক | ২৭/০২/২০১৯ |
| ০৩। | ড. পিয়ার মোহাম্মদ, এমডিএস (অতিরিক্ত সচিব) | ০২/০৭/২০১৯ |
| ০৪। | মো: জহিরুল ইসলাম , পরিচালক (অতিরিক্ত সচিব) | ১৪/০৫/২০১৮ |
| ০৫। | এ কে এম সোহেল, পরিচালক (যুগ্ম সচিব) | ২৪/০৭/২০১৯ |
| ০৬। | ড. আহমেদ উল্লাহ, উপপরিচালক | ৩০/০৬/২০১৯ |
| ০৭। | মো. আবু আউয়াল, উপপরিচালক | ১৬/০৭/২০১৯ |
| ০৮। | মো: মাইনুল আবেদীন, সহকারী পরিচালক | ০৬/০২/২০১৯ |
| ০৯। | এএমএস ইবনুল হাসান ইভেল, সহকারী পরিচালক | ০৯/০৫/২০১৯ |
| ১০। | মো: মুশফিকুর রহমান , সহকারী পরিচালক | ০৭/০৭/২০১৯ |
| ১১। | মোহাম্মদ শামীম বেপারী, সহকারী পরিচালক | ২২/০৭/২০১৯ |



# ফটোগ্যালারি





১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে মাননীয় রেক্টর মহোদয়ের চা পর্ব অনুষ্ঠান




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আয়োজনে অনুষ্ঠিত ১ম মেস রজনী ও সাংস্কৃতিক সন্ধ্যা





১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আয়োজনে অনুষ্ঠিত ২য় মেস রজনীতে অতিথি ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজকবৃন্দ




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আয়োজনে অনুষ্ঠিত অতিথি রজনীর সাংস্কৃতিক অনুষ্ঠান



৬৮ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, এম পি।




১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের "জুস ফস্টিভ্যাল" এ অতিথিবৃন্দ



১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আয়োজনে অনুষ্ঠিত "জুস ফেস্টিভ্যাল"

১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের আয়োজনে অনুষ্ঠিত ৩য় মেস রজনী ও সাংস্কৃতিক সন্ধ্যা










৬৮তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের মেস রজনীর একটি পরিবেশনা



৬৮তম বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের যোগ ব্যায়াম কর্মশালা

# যে ছবি কথা বলে...

২৩ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত ১১০তম, ১১১তম ও ১১২তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী








১১০তম, ১১১তম এবং ১১২তম আইন ও
সমাপনী ও সনদ বিতরণ
প্রধান অতিথি
শেখ হাসিনা এম
মাননীয় প্রধানমন্ত্রী



